

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ



ওয়ারাসা



বোর্ড বিষয়ক বিভাগ

ওয়ারাসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।

Website: www.dwasa.org.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.১১৩.২১৮.০০.০০.১৮০.২০২৪-০২৫

তারিখ : ১৮/০২/২০২৪

উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট (অঃ দাঃ),
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা।

আলোচ্যসূচী নং-৩ : ঢাকা ওয়াসার নতুন বিলিং সফটওয়্যার ক্রয়কার্যের জন্য “IBCS- Primax Software (Bangladesh) Limited” এর নেগোসিয়েটেড দর বোর্ড সভায় অনুমোদন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা বোর্ডের ৩১৩-তম বিশেষ সভার আলোচ্যসূচী নং-৩ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :-

সিদ্ধান্ত-৩ঃ ঢাকা ওয়াসার নতুন বিলিং সফটওয়্যার ক্রয়কার্যের জন্য “IBCS- Primax Software (Bangladesh) Limited” এর নেগোসিয়েটেড দর ২,৪৪,৪০,৮৫০/- (দুই কোটি চুয়াল্লিশ লক্ষ চল্লিশ হাজার আটশত পঞ্চাশ মাত্র) টাকার আর্থিক প্রস্তাব অনুমোদন করা হলো।

কার্যক্রম গ্রহণ/বাস্তবায়নেঃ উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট (অঃ দাঃ),
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা।

ইহা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বোর্ডের অনুমোদনক্রমে,


18/02/2024

প্রকৌশলী শারমিন হক আমীর

সচিব

বোর্ড, ঢাকা ওয়াসা।

ফোনঃ + ৮৮০২-৫৫০১২৪০৯

অনুলিপিঃ

(১) মাননীয় চেয়ারম্যান, ঢাকা ওয়াসা বোর্ড।

(২) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ডেভেলপমেন্ট অফ নিউ বিলিং সফটওয়্যার ফর ঢাকা ওয়াসা" প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ একটি প্রত্যয়, একটি স্বপ্ন, যা বাংলাদেশের সাম্প্রতিক সময়ে সবচেয়ে আলোচিত বিষয়। বিরাট এক পরিবর্তন ও ক্রান্তিকালের মধ্যে দিয়ে বাংলাদেশ এখন এগিয়ে চলছে। ঢাকা ওয়াসার বর্তমান প্রশাসন মাননীয় প্রধানমন্ত্রীর "ডিজিটাল বাংলাদেশ" স্লোগানকে ধারণ করে "ডিজিটাল ওয়াসা" নিশ্চিত করনে শতভাগ না হলেও বহুলাংশে সফল হয়েছে এবং নিশ্চিত করতে প্রচেষ্টা অব্যাহত রেখেছে। সবশেষে "ঘুরে দাড়াও ঢাকা ওয়াসা" কর্মসূচী এর আলোকে ঢাকা ওয়াসা মোটা দাগে বেশ কিছু সাফল্য অর্জন করেছে, যা আন্তর্জাতিক ভাবেও প্রশংসা কুড়িয়েছে। যেমন, রাজস্ব আদায় চার গুনের বেশী বৃদ্ধি পাওয়া, শতভাগ অনলাইন বিলিং নিশ্চিত করা।

জানুয়ারী ২০১০ সাল হতে ঢাকা ওয়াসার অনলাইন বিলিং সিস্টেমটি চালু হয়। চালু হওয়ার পর হতে এর ওয়ারেন্টি পিরিয়ডের ৩ (তিন) বছর মেয়াদ গত ডিসেম্বর ২০১২ সনে শেষ হয়। অনলাইন বিলিং সিস্টেম চালু হওয়ার আগে ঢাকা ওয়াসার বাৎসরিক বিল আদায়ের পরিমাণ ছিল ৩৫০ কোটি টাকা। আর বিলিং সিস্টেমটি চালু হওয়ার ৩ বছরেই আদায়ের পরিমাণ দ্বিগুন অর্থাৎ ৭০০ কোটি টাকা অতিক্রম করে। বর্তমান অর্থ বছর অর্থাৎ ২০২২-২৩ অর্থ বছরে বিল আদায়ের টার্গেট ছিল ১৯৫৬ কোটি টাকা যা অনলাইন বিলিং সিস্টেম চালুর পূর্বের আদায়ের পাঁচগুনের চেয়েও বেশি।

অনুচ্ছেদ ১.১

ঢাকা ওয়াসার বর্তমান চাহিদার আলোকে মার্চ ২০১৫ হতে সম্মানিত গ্রাহকের নিকট বিল জারি ও আদায়ের তথ্য স্বয়ংক্রিয়ভাবে অনলাইন বিলিং সিস্টেম হতে অনলাইন এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে। সময়ের সাথে সাথে সফটওয়্যারটির ব্যবহার যত বৃদ্ধি পাচ্ছে কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন ধরনের প্রতিবেদনের চাহিদা তত বৃদ্ধি পাচ্ছে। এছাড়া AMR System এর সাথে বিলিং সিস্টেমের ইন্টিগ্রেশন করা হয়েছে। AMR মিটার হতে গৃহীত রিডিং এর ভিত্তিতে বিল জারি করা যায়। সম্প্রতি ঢাকা ওয়াসার একটি মোবাইল Apps প্রস্তুত করা হয়েছে যার মাধ্যমে সম্মানিত গ্রাহকগণ তাদের পানির বিল, নতুন পানি ও পয়ঃ সংযোগের এবং গভীর নলকূপের ডিমান্ড নোটের টাকা ঘরে বসেই জমা দিতে পারেন।

এদিকে প্রতি বছর ঢাকা ওয়াসা কর্তৃক নিয়োগকৃত অডিট প্রতিষ্ঠান ঢাকা ওয়াসার বিলিং সিস্টেম হতে যে রিপোর্ট সংগ্রহ করে তা হিসাব বিভাগ কর্তৃক প্রদানকৃত বিলিং রিপোর্টের সাথে মিল না হওয়ার কারনে একাউন্টিংয়ের নিয়মে রিপোর্ট পাওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া DMA তথ্য বিলিং সিস্টেমে যুক্ত করা ও অন্যান্য অনেক সিস্টেমের সাথেও ইন্টিগ্রেশন করা হয়েছে।

অনুচ্ছেদ ১.২

বর্তমানে ব্যবহৃত ঢাকা ওয়াসার বিলিং সফটওয়্যারটি অনেক পুরাতন। প্রতিনিয়ত নতুন নতুন চাহিদা বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে যত দিন যাচ্ছে মডার্ন টেকনোলজি দ্রুত পরিবর্তন হচ্ছে। মডার্ন টেকনোলজির সাথে পুরাতন বিলিং সফটওয়্যারটি সমন্বয় এবং নতুন চাহিদাসমূহ ইন্টিগ্রেশনের জন্য বর্তমানে ব্যবহৃত পুরাতন সফটওয়্যারটি নতুন করে তৈরী করা প্রয়োজন। এতে পুরাতন সফটওয়্যারটির যে সীমাবদ্ধতা ছিল তা কাটিয়ে ওঠা সম্ভব হবে। যেমন ব্যাংক রিকনশিলেসন, ডেডলক কমিয়ে আনা, রিপোর্ট জেনারেশন সময় কমিয়ে আনা, বিল প্রিন্টিং সমস্যা কাটিয়ে ওঠা, ব্রাউজার ডিপেন্ডেন্সি দূরীকরণ, মোবাইল অ্যাপলিকেশন, স্মার্ট ড্যাশবোর্ড ইত্যাদি। বর্তমান বিলিং সিস্টেমের বিদ্যমান সমস্যাগুলো সমাধানকরতঃ লক্ষ্যে গত জানুয়ারী ২০২৩ মাসে রাজস্ব উইং এর মাসিক সমন্বয় সত্তার ৭ নং আলোচ্যসূচীতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সময় ব্যয় না করে পুরাতন সফটওয়্যারটি স্ট্যান্ডবাই রেখে একটি নতুন বিলিং সফটওয়্যার প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে নির্দেশ প্রদান করেন।

অনুচ্ছেদ ১.৩

নতুন বিলিং সফটওয়্যার প্রস্তুতের লক্ষ্যে বর্তমান বাজার দর যাচাই করে একটি অফিসিয়াল কন্সট এন্টিমেশন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-১৪)।

অনুচ্ছেদ ১.৪


এমতাবস্থায়, নিম্নলিখিত প্রস্তাবনাগুলো অনুমোদন দেয়া যেতে পারেঃ

১। আলোচ্য কাজের প্রাক্কলিত ব্যয় = ১,৯০,০০,০০০ (এক কোটি নব্বই লক্ষ) টাকার অনুমোদন দেয়া যেতে পারে।

২। পিপিআর-২০০৮ অনুসারে ১০৩(৪) এর (ক) ধারা মোতাবেক বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত ক্রয় পদ্ধতিতে এমআইএস ও বিলিং ডিপার্টমেন্টের ২০২৩-২৪ অর্থ বছরের “অটোমেশন ও ডিজিটাইজেশন” খাতে একটি নতুন বিলিং সফটওয়্যার ক্রয়ের জন্য EOI (সংযুক্তি-১৫) এবং TOR (সংযুক্তি-১) প্রস্তুত করা হয়েছে যার অনুমোদন দেয়া যেতে পারে।

৩। আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসেবে ডি এম ডি(ও এন্ড এম) ও সিনিয়র সিস্টেম এনালিস্ট(অঃ দাঃ) এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা কর্তৃক সম্পাদিত হবে। কাজটি ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয়পরিকল্পনায় অন্তর্ভুক্তি করার অনুমোদন দেয়া যেতে পারে।

৪। যেহেতু সফটওয়্যার টি নতুন ভাবে ডেভেলপ হবে, সেহেতু পিপিআর-২০০৮ মোতাবেক এটি বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সার্ভিস এর QCBS (Quality and cost based selection) প্রক্রিয়ায় ক্রয় করা যেতে পারে। EOI (Expression of interest) দাখিলকারী সফটওয়্যার ফার্মগুলো থেকে বাছাইকৃত সফটওয়্যার ফার্ম নিয়ে পরবর্তীতে দরপত্রের কার্যক্রম পরিচালনা করা যেতে পারে।




30.04.2023

এনামুল হাসান
সহকারী প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা


30/08/2023


Prong

মোঃ শাহিনুর রহমান
প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা


30.04.2023
SA

Engr. Arpita Saha
System Analyst
MIS & Billing Department
Dhaka WASA


৩/ অক্টো-২৩
অনুমোদন
৩০/০৪/২৩


30/4/2023

DMD (O&M) & SSA (A.C.) (MIS)

MD.


17/6/23
প্রকৌঃ তাকসিম এ খান
সহকারী পরিচালক
ঢাকা ওয়াসা।


17/6/2023
(Engr. A.K.M. Shahid Uddin)
Deputy Managing Director (O&M) &
Senior System Analyst (A.C.)
MIS & Billing Department
Dhaka WASA

(প্রকৌঃ এ.কে.এম. শহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপন পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) ও
সিনিয়র সিস্টেম এনালিস্ট (অঃ দাঃ)
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা।